

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চকরিয়া, কক্সবাজার
www.chakariacoxsbazar.gov.bd

স্মারক নং- ০৫.২০.২২১৬.০০০.০৪.০০১.২৫.- ২৬৮,

তারিখ : ১৭ ভাদ্র ১৪৩২
০১ সেপ্টেম্বর ২০২৫

বিষয় : সামাজিক নিরাপত্তা বেষ্টমীর আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি এর লাইফ ভেরিফিকেশন করণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতরের মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেষ্টমীর আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচী বাস্তবায়িত হয়ে আসছে। ২০২৫-২৬ অর্থ বছরে মৃত ও নিরুদ্দেশ উপকারভোগীর স্থলে অনলাইনের আবেদন হতে প্রতিস্থাপন করার লক্ষ্যে লাইফ ভেরিফিকেশন করা প্রয়োজন।

২। এমতাবস্থায় সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের আওতায় উপর্যুক্ত কর্মসূচীর ভাতাভোগীদের আগামী ২২ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে লাইফ ভেরিফিকেশন সমাপ্ত করার নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মীকে সম্পৃক্ত করে ভাতাভোগীর সুবিধা মত স্থান নির্ধারণ পূর্বক সিডিউল প্রণয়ন করে নিম্নস্বাক্ষরকারী ও উপজেলা সমাজসেবা অফিসার, চকরিয়া, কক্সবাজারকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


(মোহাম্মদ আতিকুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার
ফোন- ০৩২২৫৬০৫০
ই-মেইল-unichakakaria2@gmail.com

প্রাপক :

১. প্রশাসক, চকরিয়া পৌরসভা, চকরিয়া, কক্সবাজার।
২. প্রশাসক/চেয়ারম্যান,....., ইউনিয়ন পরিষদ, চকরিয়া, কক্সবাজার।
৩. ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, চকরিয়া, কক্সবাজার। তাঁকে পৌরসভা ও সকল ইউনিয়নের লাইফ ভেরিফিকেশন কাজ তদারকি ও সমন্বয় করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
৪. জনাব....., ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, চকরিয়া, কক্সবাজার। তাঁকে তাঁর দায়িত্বাধীন ওয়ার্ড/ ইউনিয়নের প্রশাসক/চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে আগামী ২২ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে লাইফ ভেরিফিকেশন সমাপ্ত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সদয় জ্ঞাতার্থে :

১. জেলা প্রশাসক, কক্সবাজার।
২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার।
৩. প্রশাসক, চকরিয়া, পৌরসভা, চকরিয়া, কক্সবাজার।
৪. অফিস কপি।


উপজেলা নির্বাহী অফিসার
চকরিয়া, কক্সবাজার